খবর সোজাসুজি

প্রতিনিয়ত খবরের আপডেট পেতে ফলো করুন আমাদের ফেসবুক, ইউটিউব, টুইটার এবং ইন্সটাগ্রাম।

Follow Us :
facebook.com/khaborsojasuji
youtube.com/@khaborsojasuji
twitter.com/Khaborsojasuji
instagram.com/khaborsojasuji
www.khaborsojasuji.com

# KHABOR SOJASUJI
# খবর সোজাসুজি

Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)
Editor - ISRAIL MALLICK

প্রতি ইংরেজি মাসের ১৫ ও ৩০ তারিখ প্রকাশিত হচ্ছে পাক্ষিক সংবাদপত্র

খবর সোজাসুজি

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন
৯৪৩৪৫৬৬৪৯৮
www.khaborsojasuji.com

Vol-1, Issue-6 Bardhaman , 30 August 2023 Rs. 2.00 ( Four Pages ) Publisher - Israil Mallick

## এক নজরে

● রাজ্যে সপ্তম দফায় ১ সেপ্টেম্বর থেকে আবারও শুরু হচ্ছে দুয়ারে সরকার, চলবে ১৬ সেপ্টেম্বর পর্যন্ত। একই সঙ্গে শুরু হচ্ছে পাড়ায় সমাধান কর্মসূচিও। পরিষেবা প্রদান করা হবে ১৮ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর। এবার দুয়ারে সরকার ক্যাম্প থেকে মোট ৩৫ টি পরিষেবা পাওয়া যাবে।

● হুগলি জেলা পরিষদের সভাধিপতি নির্বাচিত হলেন রঞ্জন ধাড়া এবং সহ সভাধিপতি নির্বাচিত হলেন কৃষ্ণচন্দ্র সাঁতরা।

● 'প্রমাণিত তথ্য থাকার পরেও কিসের জন্য ইডি- সিবিআই মমতা ব্যানার্জিকে বাইরে ছেড়ে রেখেছেন?', বিস্ফোরক রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

● ধনেখালি ব্লক তৃণমূল ছাত্র পরিষদের কনভেনার পদে নিযুক্ত হলেন সৌমেন বসু।

● ২৩ আগস্ট জাতীয় মহাকাশ বিজ্ঞান দিবস, ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

● চাঁদের দক্ষিণ মেরুতে যেখানে চন্দ্রযান ৩ এর ল্যান্ডার বিক্রম নেমেছিল তার নাম এখন থেকে শিবশক্তি পয়েন্ট, ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

● চন্দ্রযান ২ এর পদচিহ্ন স্থলের এখন থেকে নাম তেরঙ্গা পয়েন্ট,শনিবার বেঙ্গালুরুতে ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

● তারাপীঠ মন্দিরে এবার থেকে নারকেল ফাটিয়ে ও চরণে আলতাগন্ধ ঢেলেগন্ধ পুজো দেওয়া নিষিদ্ধ,বিজ্ঞপ্তি জারি করে জানিয়ে দিল মন্দির কমিটি।

● জল জীবনে নলবাহিত পানীয় জল সরবরাহে এখনো অনেকটাই পিছিয়ে পশ্চিমবঙ্গ ! ২০২৪ এর মার্চের মধ্যে সব পরিবারে পৌঁছে যাবে জল,এমনটাই দাবি পশ্চিমবঙ্গ সরকারের।

● পায়ে হেঁটে আজ কেদারনাথের উদ্দেশ্যে যাত্রা শুরু করলেন ধনেখালির যুবক অরিন্দম দাস।

● অমরপুর নীলবীণা ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে স্বাধীনতা দিবস উপলক্ষে অমরপুরে অনুষ্ঠিত হল বিনামূল্যে চক্ষু ও স্বাস্থ্য পরীক্ষা শিবির।

● স্বেচ্ছাসেবী সংস্থা পাশে আছি'র উদ্যোগে স্বাধীনতা দিবস উপলক্ষে গুড়াপের চেড়াগ্রামে দুদিন ব্যাপী অনুষ্ঠিত হল বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান।

● স্বাধীনতা দিবসে নক্ষত্র পতন,প্রয়াত প্রাক্তন কিংবদন্তি ফুটবলার মহম্মদ হাবিব।

● বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হলেন অধ্যাপক গৌতম সাহা।

● ২০২২ সালের প্রাথমিক শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় অংশ নিতে পারবেন না উচ্চ প্রাথমিকের পার্শ্বশিক্ষকরা, নির্দেশ কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের।

● বীরভূম জেলা পরিষদের সভাধিপতি হলেন কাজল সেখ।

● প্রয়াত হলেন গুড়াপ রমনীকান্ত ইনস্টিটিউশনের প্রাক্তন শিক্ষক

(এরপর চারের পাতায়)

# চাঁদের মাটিতে পা রাখল ভারত ! ভারতই প্রথম ছুঁতে পারল চাঁদের দক্ষিণ মেরু ! মহাকাশে ইতিহাস গড়ল ভারত

ইসরাইল মল্লিক ঃ চাঁদের মাটিতে পা রাখল ভারত। মহাকাশে ইতিহাস গড়ল ভারত। গত ২৩ আগষ্ট বুধবার সন্ধ্যা ৬ টা ৪ মিনিটে চাঁদের অন্ধকারাচ্ছন্ন দক্ষিণাংশের মাটি স্পর্শ করল ইসরোর চন্দ্রযান - ৩ এর ল্যান্ডার বিক্রম। এই সাফল্যের সঙ্গে সঙ্গে আমেরিকা, রাশিয়া এবং চিনের পর চতুর্থ দেশ হিসেবে উঠে এল ভারতের নাম,যারা চাঁদে মহাকাশযান পাঠিয়েছিল। শুধু তাই নয়। আরও একটি ইতিহাস তৈরি করল ভারত। এতদিন চাঁদের দক্ষিণ মেরু অনাবিষ্কৃত ছিল।ভারতই প্রথম দেশ হিসেবে পা রাখল চাঁদের দক্ষিণ মেরুতে।তাই চাঁদের দক্ষিণ মেরু আবিষ্কারের



কৃতিত্বও ভারতের।

গত ২৩ আগষ্ট,বুধবার সন্ধ্যা ৬ টা ৪ মিনিটে চাঁদের মাটিতে সফলভাবে চন্দ্রযান ৩ এর ল্যান্ডার বিক্রমের পা রাখার কয়েক ঘণ্টার মধ্যেই তার পেট থেকে বেরিয়ে এল রোভার প্রজ্ঞান।খুব ধীর গতিতে কাজ শুরু করেছে প্রজ্ঞান।গত ১৪ জুলাই দুপুর ২ টো ৩৫ মিনিটে অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটা থেকে চাঁদের দক্ষিণ মেরুর উদ্দেশ্য যাত্রা শুরু করেছিল চন্দ্রযান ৩ । ৪০ দিনের মাথায় তার অভিযান সফল হল। চাঁদের পৃষ্ঠ ছোঁয়ার পর ইসরোর দপ্তরের সঙ্গে যোগাযোগ স্থাপন করে ল্যান্ডার বিক্রম। অবতরণের পর খানা খন্দে ভরা ধূসর চন্দ্রপৃষ্ঠের প্রথম ছবিও পাঠায় ল্যান্ডার বিক্রম।সেই ছবি ইতিমধ্যেই সোস্যাল মিডিয়ায় প্রকাশ করেছে ইসরো। যদিও রাশিয়াও চাঁদের দক্ষিণ মেরুকে পাখির চোখ করে গত ১১ আগষ্ট চাঁদের উদ্দেশ্য পাঠিয়েছিল লুনা ২৫ । কিন্তু চাঁদের দোর গোড়ায় পৌঁছে চাঁদের মাটিতে ভেঙ্গে পড়ে ল্যান্ডারটি। রাশিয়া যা পারল না,তাই করে দেখাল ভারত। মহাকাশে নয়া ইতিহাস তৈরি করল ভারত।

## টুসু গানের ওপর লোকশিল্পীদের কর্মশালা

নিজস্ব সংবাদদাতা ঃ পূর্ব বর্ধমান জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় এবং লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের আয়োজনে কালনা জানা গেছে। পূর্ব বর্ধমান জেলার নথিভুক্ত ৫০ জন লোকশিল্পী এই কর্মশালায় অংশ নিয়েছিলেন। কর্মশালায় মূলত টুসু গানের উপরে প্রশিক্ষণ দেওয়া হয়।কর্মশালার



রোডে বর্ধমান কৃষি খামারের সম্প্রসারণ প্রশিক্ষণ কেন্দ্রে ২২ আগষ্ট থেকে ২৪ আগষ্ট পর্যন্ত অনুষ্ঠিত হল টুসু গানের ওপর লোকশিল্পীদের তিন দিনের প্রশিক্ষণ কর্মশালা।হারিয়ে যেতে বসা লোক সংস্কৃতি ফিরিয়ে আনতে এই উদ্যোগ বলে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পূর্ব বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি শ্যামাপ্রসন্ন লোহার, সহ সভাধিপতি গার্গী নাহা এবং পূর্ব বর্ধমান জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক রাম শঙ্কর মণ্ডল সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

## দূষণমুক্ত শহর ! কলকাতার রাস্তায় নামতে চলেছে ১১০০ টি ইলেকট্রিক বাস

নিজস্ব সংবাদদাতা, কলকাতা ঃ দূষণমুক্ত কলকাতা তৈরি করার ক্ষেত্রে কিছুটা ইতিবাচক পদক্ষেপ গ্রহন করল রাজ্য সরকার। বিধানসভা এস্টিমেট কমিটি কলকাতার রাস্তায় আরও বেশ কিছু ইলেকট্রিক বাস তথা ই-বাস নামানোর সুপারিশ করেছে।কলকাতার রাস্তায় আরও ইলেকট্রিক বাস নামানোর ব্যাপারে সুপারিশ করা হয়েছিল তৃণমূল বিধায়ক সুদীপ্ত রায়ের নেতৃত্বে ২০ সদস্যের কমিটির তরফ থেকে।

কলকাতা শহরে বাড়ছে দুষণ।তবে সময়ের সঙ্গে কিছুটা পরিস্থিতি বদলাচ্ছে।আগের মত কালো ধোঁয়া খুব কম দেখতে পাওয়া যায়। পুরোনো আমলের বাসের তুলনায় এই ইলেকট্রিক বাস কিছু পরিবেশ বান্ধব।সেই ক্ষেত্রে দুষণ তুলনামূলকভাবে অনেকটা কম হয়।জ্বালানির দাম বৃদ্ধি পাচ্ছে।তাই এই ইলেকট্রিক বাস চালানো কিছুটা হলেও সাশ্রয়ের।

তবে মূল ব্যাপার হল এই বাস চালানোর ক্ষেত্রে চার্জিং স্টেশন থাকাটা খুব জরুরী।বাসগুলিকে নিয়মিতভাবেই চার্জ করতে হয়। ২০১৯ সালে কলকাতার বুকে প্রথম এই ধরনের বাস নামানো হয়েছিল।

## রাজ্যে প্রায় তিন মাস ধরে বন্ধ অঙ্গনওয়াড়ি কেন্দ্রের শিশুদের জন্য বরাদ্দ ডিম ও সবজির টাকা !

নিজস্ব সংবাদদাতা ঃ রাজ্যে প্রায় তিন মাস ধরে বন্ধ অঙ্গনওয়াড়ি কেন্দ্রের শিশুদের জন্য বরাদ্দ ডিম ও সবজির টাকা ! এতদিন ধরে বাজার থেকে ধার করে শিশুদের ডিম ও সবজি দিচ্ছেন অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মীরা, অভিযোগ।বাধ্য হয়ে ১ লা সেপ্টেম্বর থেকে বাজার থেকে ধার করে শিশু ও গর্ভবতী মায়েদের জন্য ডিম ও সবজি রান্না বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছেন অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মীরা !বার বার সরকারি দপ্তরে জানিয়েও বরাদ্দ টাকা আসেনি বলে অভিযোগ। প্রশাসনিক উদাসীনতার ব্যাপারে সরব অঙ্গনওয়াড়ি কর্মীরা। কেন্দ্রীয় সরকার ২০২১ সালের জানুয়ারি মাসে সারা দেশের সঙ্গে এ রাজ্যেও অঙ্গন ওয়াড়ি কর্মীদের স্মার্ট ফোন কেনার জন্য ৮ হাজার টাকা করে বরাদ্দ করলেও এরাজ্যেগন্ধএখনও দেওয়া হয় নি অঙ্গনওয়াড়ি কর্মীদের স্মাট ফোন কেনার টাকাও, অভিযোগ।

## মেমারির জামিয়া ইসলামিয়া মাদ্রাসাতে সাড়ম্বরে পালিত হল স্বাধীনতার ৭৬ বছর

নিজস্ব সংবাদদাতা ঃ পূর্ব বর্ধমান জেলার মেমারির জামিয়া মাদ্রাসাতে সাড়ম্বরে উদযাপিত হল ৭৭তম স্বাধীনতা দিবস।প্রতি বছরের মতো এবারও খ্যাতনামা বাগ্মী ও ইতিহাসবিদ প্রয়াত জনাব গোলাম আহমাদ মোর্তজা প্রতিষ্ঠিতপশ্চিমবাংলার ঐতিহ্যবাহী শিক্ষা

(এরপর চারের পাতায়)



মেমারি জামিয়া ইসলামিয়া মদিনাতুল উলুম মাদ্রাসাতে যথাযোগ্য মর্যাদায় পালিত হল স্বাধীনতা দিবস।

Khabor Sojasuji Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)

# খবর সোজাসুজি

Volume-1 Issue-6 30 August 2023

## চাই র‍্যাগিং মুক্ত শিক্ষাঙ্গন

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মর্মান্তিক ঘটনা আবারও আমাদের সামনে কয়েকটি প্রশ্ন চিহ্ন তুলে দিল। র‍্যাগিং এর জন্যই যে একটা তরতাজা প্রাণ অকালে ঝরে গেল তা আজ প্রমাণিত সত্য।এর জন্য কেবলমাত্র কয়েকজন ছাত্র দায়ী তা নয়,দায়ী আমাদের মানসিকতা।আজ যে নিপীড়িত কাল সে নিপীড়ক।এই ট্র্যাডিশন সমানে চলছে।

শিক্ষা, জীবনের এক গুরুত্বপূর্ণ অধ্যায়। অভিভাবকরা তাদের সন্তানদের স্কুল, কলেজ বা বিশ্ববিদ্যালয়ে পাঠায় তাদের ছেলেমেয়েদের সুন্দর ভবিষ্যতের কথা চিন্তা করে। কিন্তু তাদের সেই আকাঙ্ক্ষা যদি অভিশাপে পরিণত হয় তবে তাদের সন্তানদের জীবনে নেমে আসে ঘোর অন্ধকার। ছেলে মেয়েদের মন যদি সর্বদা অনাকাঙ্ক্ষিত বিপদের আশঙ্কায় শঙ্কিত হতে থাকে বা র‍্যাগিং নামক অত্যাচারের শিকার হয় তবে কিভাবে তার শিক্ষা সম্পূর্ণ হবে ?

র‍্যাগিং বর্তমান সমাজে ভীষণ প্রচলিত একটি শব্দ। যাদবপুরের ঘটনা এটাকে আবারও ব্যাপক ভাবে জনমানসে আলোচিত বিষয় করে তুলেছে।বাস্তবে এটি তরুণ সমাজের ভাবভঙ্গির মুখে এক জ্বলন্ত কলঙ্ক।এটি এমন এক লজ্জা, ঘেন্না, অস্বস্তিতে ঘেরা অনুভূতি যার মোকাবেলা প্রতিনিয়ত বহু শিশু ও তরুণদের করে যেতে হচ্ছে। প্রতিক্ষণে স্বপ্নদীপের মতো এমন হাজারটা স্বপ্নদীপ মানসিক ও শারীরিক অত্যাচারের শিকার হচ্ছে,বাধ্য হয়ে কেউ কেউ বেছে নিচ্ছে আত্মহত্যার পথ। অচিরেই ধ্বংস হচ্ছে তাদের স্বপ্ন।এখনকার দিনে ছেলেমেয়েরা কোনও শিক্ষা প্রতিষ্ঠানে নিজেদের নিরাপদ মনে করে না।কারণ তারা সব সময় কোনও এক অনাকাঙ্ক্ষিত ঘটনার মুখোমুখি হওয়ার আশঙ্কায় থাকে।

র‍্যাগিং রোধে আইন থাকলেও র‍্যাগিং পুরোপুরি বন্ধ করা যায় নি।আর শুধুমাত্র কঠোর আইন প্রণয়ন করলেই হবে না,র‍্যাগিং বন্ধে দরকার আমাদের মানসিকতার পরিবর্তন। র‍্যাগিং নামক এই সামাজিক ব্যাধি সমাজ থেকে পুরোপুরি নির্মূল করতে আমাদের সকলকেই এগিয়ে আসতে হবে।গড়ে তুলতে হবে একটা সৌহার্দ্য পূর্ণ পরিবেশ।আর কোনও স্বপ্নদীপ যেন অকালে ঝরে না যায়,এ বার্তাই পৌঁছে দিতে হবে দিকে দিকে।চাই রাগিং মুক্ত শিক্ষাঙ্গন - এই হোক আমাদের অঙ্গীকার।

## পাঠকের কলম-

### দুর্ঘটনা রুখতে একটি বাতি স্তম্ভ

ইলামপুর গ্রামের পূর্ব-প্রান্তে, যেখানে জামালপুর- খানপুরগামী যানবাহনে বেশ ব্যস্ত পথটি ভৈরবপুরগামী পথ- সেতুটির( রঙ্কিনী দহের ওপর) সঙ্গে মিশেছে, রাতে সেখানে দুর্ঘটনার রুখতে একটি সড়ক-বাতি দেওয়ার ব্যবস্থা থাকা অত্যন্ত প্রয়োজন। প্রায়ই দেখতে পাই, ত্রি-মুখী পথটিতে সন্ধ্যা নামলে বিপরীতগামী গাড়ির বিপজ্জনক মুহূর্তটি চালকেরা কোনও রকমে সামাল দেন। ত্রি-মুখী ওই পথটিতে একটি বাতি স্তম্ভের ব্যবস্থা করলে যাত্রী সমেত গাড়ীগুলি নির্বিঘ্নে যাতায়াত করতে পারে।

**সুনীতি মুখোপাধ্যায়, ইলামপুর, জামালপুর,পূর্ব বর্ধমান**

আমাদের এই অঞ্চলের মানুষের কণ্ঠস্বরের প্রতিলিপি পাক্ষিক সংবাদপত্র ‘খবর সোজাসুজি’ পড়ে মানুষের সুখ-দুঃখের কথা মানুষকে হবে বলতে ;
অন্ধকারকে পার হতে হয়, আলোকের পথে চলতে !
কতো আছে ভয়, কতো সংশয় ;
পদে পদে বাধা, ক’রে সব জয় নির্ভিক প্রাণে ও সূর্যোদয়ে
সত্যেরে দাও জ্বলতে !
খবর তোমার সোজাসুজি হোক
জীবনের গলি-ঘুঁজিতে ;
এখন মিথ্যা চারিদিকে তবু
সত্যেরে হবে খুঁজিতে !
সত্য-মিথ্যা, আলো ও আঁধার ;
ঢেউ ওঠা-পড়া,এই সংসার সময়ের স্রোতে ভেসে চলে তবু তোমাকেই হবে যুঝিতে সব দেশে-কালে মানুষ-ই শ্রেষ্ঠ
এই কথা হবে বুঝিতে!!

**বিজন গঙ্গোপাধ্যায়, আটপাড়া,জাড়গ্রাম, পূর্ব বর্ধমান**

জী বন পথের পথিক তুমি সবার খবর রাখো।
সবার মনের গোপন ব্যাথা সোজাসুজি বলো।।

**সেখ মহম্মদ ইউনুস ,মেমারি, পূর্ব বর্ধমান**

# হালের গুরু

**পার্থ পাল**

জ্ঞানের আলো জ্বালিয়ে যিনি অজ্ঞানতার অন্ধকার দূর করে অন্তর্দৃষ্টির বিকাশ ঘটান - তিনিই গুরু। শাস্ত্র মতে, মা-বাবা আমাদের প্রথম গুরু। তারপরেই শিক্ষাগুরুর স্থান। স্বামী বিবেকানন্দের মতে, মানবমনে থাকা পরিপূর্ণতার প্রকাশই হল প্রকৃত শিক্ষা। এই কাজে যিনি সাহায্য করেন, পাশে থাকেন তিনি শিক্ষক।

এহেন প্রথম শ্রেণীর সমাজকর্মীদের বর্তমান বা হালের অবস্থা মোটেও আশাপ্রদ নয়। বিদ্যালয়ে শাস্তি বে-আইনি। দুষ্টু ছেলেমেয়েরা ভালো কথার ভাষা বোঝে না। তাই মৌখিক অপমান তাদের একান দিয়ে প্রবেশ করে ওকান দিয়ে প্রস্থান করে।নিরুপায় শিক্ষক চিৎকার করেন। শিক্ষার্থীরাও হইচই এর মাত্রা বাড়িয়ে দেয় পাল্লা দিয়ে। বিশৃঙ্খল হয় শ্রেণীকক্ষ। শিক্ষক তাদের ভবিষ্যৎ ভেবে উদ্বিগ্ন হলেও, তারা থাকে নির্বিকার। তারা জানে, পরীক্ষাকক্ষে নকলনবীশ ও কথা চালাচালিতে ‘ম্যানেজ’ হয়ে যাবে সবকিছু। শিক্ষকগণ দেখেও না দেখার ভান করে থাকবেন। কড়া শাস্তি তো দূরের কথা, সামান্য সময়ের জন্য খাতা কেড়ে নেওয়াটাও হবে মারাত্মক অপরাধ। অষ্টম শ্রেণী অবধি পাশ ফেল নেই। নবম থেকে দ্বাদশ পর্যন্ত প্রতিটি ক্লাসেও পাশের হার একশ ছুঁইছুঁই। অথচ তাদের অনেকেই নিজের নাম ঠিকানাও সঠিক ভাবে লিখতে পারে না!

তখনও ফুটবল খেলার গোলকিপার এর মতো সব দোষ হয় শিক্ষক সমাজেরই। যে শিক্ষার্থীটি পাশফেলহীন পরীক্ষা ব্যবস্থার দৌলতে উঁচু ক্লাসে উঠে গেল, সে নতুন ক্লাসের পড়ায় আগ্রহী হবে কীভাবে? আগ্রহ না থাকলেই যা হয় - দুষ্টুমি বাড়ে, বাড়ে স্কুল এড়ানোর মানসিকতাও। সেই মানসিকতাকে বাগে আনতে আছে মিড-ডে মিল। এবং সেই মহা দায়িত্বের দায়ভার শিক্ষকদেরই। সেখানে মাথাপিছু বরাদ্দে পুষ্টিকর খাদ্য জোগানো অসম্ভব। হিসাবে জল না মেশালে সে অ-সম্ভবকে সম্ভব করা যায় না।



এবং তাই করতে হয়। প্রশাসনের কর্তাদের কাছেও এ ঘটনা যাকে বলে ‘ওপেন সিক্রেট’। সৎ থাকবো বললেই তাই শিক্ষকেরা সৎ থাকতে পারেন না।

এমন সততা যে কত জায়গায় ভুলুণ্ঠিত হয় তার ইয়ত্তা নেই। সংখ্যালঘু সম্প্রদায়ের শিক্ষার্থীরা ‘ঐক্যশ্রী’ নামের একটি রাজ্য সরকারি প্রকল্পে বৃত্তি পায়। সেই বৃত্তি পাওয়ার প্রাথমিক শর্ত হলো আগের ক্লাসের পরীক্ষায় পঞ্চাশ শতাংশ নম্বর পাওয়া। রাজ্যের এমন একটিও সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রী পাওয়া যাবে না যে ওই পরিমাণ নম্বর পায়নি! বৃত্তি পাওয়া নিয়ে আপত্তি নেই, আপত্তি ওঠে শিক্ষকমহলের এই বাধ্যতামূলক অ-ন্যায় মান্যতায়।

অতি অল্প পারিশ্রমিকে মাধ্যমিক উচ্চমাধ্যমিকের খাতা দেখা, ‘শিক্ষাশ্রী’, ‘কন্যাশ্রী’, ‘সবুজসাথী’, ভোটার তালিকা তৈরি - প্রভৃতি গুরুত্বপূর্ণ দায়িত্ব সামলে ফুরসত ফেলার আগে এসে যাবে ভোট। ভোটের, বিশেষত পঞ্চায়েত ভোটের অনাচারসর্বস্ব গুরুদায়িত্ব সামলানোর পরে পরেই হাজির হবে ভোট গণনার যাঁতাকল। মাস্টারমশাই আপনি কিছুই দেখেননি’ - হুমকিটি যারা হৃদয়ঙ্গম করেছেন, তাদের অসুবিধা কম। কিন্তু যাঁরা অন্যায় দেখে ঠিক থাকতে পারেন না, তাদের অবস্থা চিড়িয়াখানায় জালবন্দি পশুর থেকে কোনো অংশে কম নয়।

এতকিছু দায়িত্ব সামলানোর পরেও ভাঁড়ে মা ভবানী। রাজ্য সরকারের সাহায্যপ্রাপ্ত শিক্ষকদের পদোন্নতির ব্যবস্থা নেই। শিক্ষক থেকে বড় জোর প্রধান শিক্ষকেই দৌড় শেষ। এর সঙ্গে জুড়েছে কেন্দ্রের সঙ্গে রাজ্যের মহার্ঘ্য ভাতার আসমান জমিন পার্থক্য। এ সরকারের আমলেই শিক্ষকদের মাস পয়লা বেতন ও বাড়ির কাছে শিক্ষকতা করার ‘উৎসশ্রী’ প্রকল্প চালু হয়েছে। কিন্তু বেতন বৃদ্ধি ছাড়া এ সব কিছুকেই যেন নুন ছাড়া তরকারির মত বিস্বাদ বোধ হয়।

শিক্ষা ব্যবস্থাটাকেই অদ্ভুত লাগে যখন দেখা যায় শিক্ষা প্রতিষ্ঠানে অসংখ্য শূন্য পদ থাকা সত্ত্বেও নিয়োগ হয় না। অথচ যোগ্য, হবু শিক্ষকেরা তাদের নির্দিষ্ট হকের দাবি নিয়ে রাস্তায় বসে থাকেন মাসের পর মাস। অন্যদিকে, দুর্নীতিকে আশ্রয় করে শিক্ষক হয়ে যান অযোগ্যরা। এতে দুমুখো ক্ষতি হচ্ছে। প্রথম ও প্রধান ক্ষতি শিক্ষার্থীদের। তারা যোগ্য শিক্ষক পাচ্ছে না। দ্বিতীয় ক্ষতি শিক্ষাব্যবস্থার। নব্য মেধাবীরা তাদের লক্ষ্যে শিক্ষকতা পেশাটাকেই রাখছেন না। তার জলজ্যান্ত প্রমাণ কলেজে কলেজে এতো পদ শূন্য থাকা। বর্তমান শিক্ষাগুরুদের হাল সত্যিই উদ্বেগের।



এবিটিএ’র ধনেখালি আঞ্চলিক কমিটির উদ্যোগে মদনমোহন তলায় ধনেখালি প্রাথমিক বিদ্যালয়ে শনিবার অনুষ্ঠিত হল সাংস্কৃতিক প্রতিযোগিতা।

FARHAD HOSSAIN
Channel Partner
শেয়ার ও মিউচুয়াল ফান্ডে বিনিয়োগের জন্য যোগাযোগ করুন।
7718563194
KHANPUR HOOGHLY WEST
BENGAL KHANPUR, HOOGHLY,
WEST BENGAL, INDIA 712308
farhad05ster@gmail.com
KHANPUR HOOGHLY WEST BENGAL KHANPUR, HOOGHLY, WEST BENGAL, INDIA 712308
+917718563194
farhad05ster@gmail.com
AngelOne
www.angelone.in



বর্ধমান বিবেকানন্দ কলেজের সামনে এসএফআই-ডিওয়াইএফআই কর্মীদের ওপর আক্রমণ ও যাদবপুরে স্বপ্নদীপের হত্যার প্রতিবাদে বর্ধমানে SFI-DYFI -এর প্রতিবাদ সভায় মীনাক্ষী মুখার্জি।



দমদমের সুরেরমঠ আগমনি অ্যাপার্টমেন্টেগ্ধযথাযোগ্য মর্যাদায় উদযাপিত হল স্বাধীনতা দিবস।



পূর্ব বর্ধমান জেলার জামালপুর ব্লকের জ্যোৎমুরালী প্রাথমিক বিদ্যালয়ে সাড়ম্বরে অনুষ্ঠিত হল রিডিং মেলা। এই রিডিং উৎসবে খুব সুন্দর এবং সাবলীলভাবে স্বরচিত গল্প পড়ে শোনাল বিদ্যালয়ের তৃতীয় শ্রেণীর ছাত্র ইরফান মল্লিক।



জামালপুর চক্রের রুদা দোশিমানা প্রাথমিক বিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় পালিত হল স্বাধীনতা দিবস।




যাদবপুর কান্ডের প্রতিবাদে মোমবাতি হাতে পথে ধনেখালি ব্লক তৃণমূল ছাত্র পরিষদ।




চন্দননগর পুলিশ কমিশনারেটের উদ্যোগে মেয়েদের জন্য শ্রীরামপুর বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হল বাঘিনী - সেল্ফ ডিফেন্স, যোগা এবং মেডিটেশন সংক্রান্ত প্রশিক্ষণ।



রেড রোডে স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

## সদ্য সমাপ্ত পঞ্চায়েত নির্বাচনে সিপিএমের জয়ী প্রার্থী তৃণমূলে ! ব্যাপক চাঞ্চল্য জামালপুরে !

নিজস্ব সংবাদদাতা ঃ পূর্ব বর্ধমান জেলার জামালপুর ব্লকের পাড়াতল ১ নং গ্রাম পঞ্চায়েতের সাহাপুর ১৩১ নং বুথের সিপিএমের জয়ী প্রার্থী রাজু পরামানিক রবিবার যোগ দিলেন তৃণমূলে।সিপিএমের শক্ত ঘাঁটি সাহাপুর থেকে সিপিএমের জয়ী প্রার্থী তৃণমূলে যোগ দেওয়ায় অনেকেই অবাক হচ্ছেন। কর্মী সমর্থকদের ওপর থেকে সিপিএমের রাশ কি আলগা হচ্ছে? ইতিমধ্যেই এই প্রশ্ন উঠতে শুরু করেছে।সদ্য সমাপ্ত পঞ্চায়েত নির্বাচনে জয়ী সিপিএম প্রার্থী তৃণমূলে যোগ দেওয়ায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে জামালপুরে।



## স্বাধীনতা দিবসে পরিবেশ সচেতনতা দৌড়ে যুক্ত হল হাওড়া-হুগলি

নিজস্ব সংবাদদাতা ঃ ১৫ আগস্ট স্বাধীনতা দিবসে হরিপালের সমাজসেবী দেবজ্যোতি অধিকারীর উদ্যোগে হাওড়ার লিলুয়া থেকে হুগলির ডানকুনি হয়ে নালিকুল পর্যন্ত ৪০ কিলোমিটার পরিবেশ সংরক্ষণের জন্য পদযাত্রা অনুষ্ঠিত হয়। এবং এই ৪০কিলোমিটারে প্রতি এক কিলোমিটার অন্তর ১০টি করে চারা গাছ বিতরণ করা হয়। এই দৌড় পদযাত্রায় অংশ গ্রহণ করেন জাতীয় কিক বক্সিং চ্যাম্পিয়ন ইন্দ্রনীল ঘোরুই ও সাঁতারু বেঙ্গল চ্যাম্পিয়ন সায়নদ্বীপ পাছাল। উদ্যোক্তা দেবজ্যোতি বলেন, ‘‘এই কর্মসূচি শুধু মাত্র পরিবেশ ও বন্যপ্রাণীদের সংরক্ষণের বার্তা দেয়াই



আমাদের মূল উদ্দেশ্য,এই বৃহৎ আয়োজনে সহযোগিতা করেন বিশিষ্ট পরিবেশ প্রেমী অলোক কোলে, কল্যাণময় দাস ও ওনাদের সম্পূর্ন টিম, এদিন আমরা প্রায় ৫০০চারা গাছ বিতরণ করেছি।হাওড়ার লিলুয়া থেকে হুগলির ডানকুনি চন্ডিতলা মশাট শিয়াখালা হয়ে নালিকুল বটতলায় শেষ হয় জাতীয় পতাকা উত্তোলন এর মধ্যে দিয়ে।’’



পূর্ব বর্ধমান জেলার জামালপুর ব্লকের রুন্দা দোসীমানা প্রাথমিক বিদ্যালয়ে মহাসমারোহে অনুষ্ঠিত হল রিডিং মেলা।


Khabor Sojasuji Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)

# ৭১ তম রাজ্য অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশপ প্রতিযোগিতায় জোড়া স্বর্ণ পদক লাভ ধনেখালির মেয়ে স্বস্তিদীপার !



নিজস্ব সংবাদদাতা, ধনেখালি ঃ লক্ষ্য ঠিক রেখে এগোলে সাফল্য অনায়াসে হাতের মুঠোয় চলে আসে,তা প্রমাণ করে দেখিয়ে দিলেন হুগলির ধনেখালি ব্লকের দশঘরা ১ নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত রজিপুর গ্রামের মধ্যবিত্ত পরিবার থেকে উঠে আসা স্বস্তিদীপা কর্মকার।স্বস্তিদীপা বর্তমানে কলকাতা চারুচন্দ্র কলেজে কলা বিভাগে দ্বিতীয় বর্ষে পাঠরতা।সদ্য একুশে পা রাখা সম্ভবনাময় অ্যাথলিট স্বস্তিদীপা কর্মকার ইস্টবেঙ্গল ক্লাবের হয়ে প্রতিনিধিত্ব করেছিলেন ৭১ তম রাজ্য অ্যাথলেটিক্স প্রতিযোগিতায়।গত ১৩ আগষ্ট কলকাতার সাই কমপ্লেক্স অর্থাৎ কলকাতার স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়ার মাঠে আনুষ্ঠানিক ভাবে এই খেলার শুরু হয়, শেষ হয় ১৬ আগষ্ট।রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে ১৪-২৩ বছর বয়সী প্রতিযোগীরা প্রতিযোগিতার বিভিন্ন বিভাগে যোগ দেন।গত ১৪ আগষ্ট ওয়েষ্ট বেঙ্গল অ্যাথলেটিক্স অ্যাসোসিয়েশনের সুচারু ব্যবস্থাপনায় কলকাতা সাই কমপ্লেক্সে অনুষ্ঠিত ৭১ তম রাজ্য অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে মেয়েদের অনূর্ধ্ব ২৩ বিভাগে ৪০০ মিটার দৌড়ে ও ৪শ্র৪০০ মিটার রিলে রেসে হাড্ডাহাড্ডি লড়াইয়ের মধ্য দিয়ে প্রথম স্থান অধিকার করে জোড়া স্বর্ণ পদক লাভ করেন স্বস্তিদীপা।স্বর্ণ পদক জয়ে স্বস্তিদীপা স্বভাবতই খুশি।ভাবতে অবাক লাগে যে, অজ পাড়া গাঁ থেকে উঠে এসে প্রশিক্ষণ নিয়ে কলকাতার বুকে স্বস্তিদীপা স্বীয় ক্রীড়া চাতুর্যের বলে সোনা জিতে জানান দিলেন যে সদিচ্ছা থাকলে অসম্ভবকে সম্ভব করা যায় ।সাফল্য পেতে কেউ বাধার কারণ হয়ে দাঁড়ায় না।এ বিষয়ে স্বস্তিদীপার বাবা গুরুপদ কর্মকার জানান, এ রাজ্যে অ্যাথলিটদের নিয়ে কেউ কিছু ভাবে না।ফলে অ্যাথলিটদের চরমতম দুর্দশার সম্মুখীন হতে হচ্ছে ।এ ব্যাপারে সরকারের যথাযথ পদক্ষেপ গ্রহণ করা দরকার।

# কুসংস্কার নাকি শ্রদ্ধা ? আজও মাটিতে শোওয়ার ইতিহাস বয়ে বেড়ায় পীরপাল !



জয়দীপ মৈত্র ঃ কুসংস্কার নাকি শ্রদ্ধা ? তারই জেরে গোটা গ্রাম এখনও খাট ব্যবহার করেন না। শুয়ে থাকেন মাটিতে। কুসংস্কারে বিশ্বাসী হয়ে হোক বা শ্রদ্ধায়, এখনও পর্যন্ত কাঠের তৈরি চৌকি বা খাটে কেউই ঘুমোন না। দক্ষিন দিনাজপুর জেলার গঙ্গারামপুর ব্লকের বেলবাড়ি গ্রাম পঞ্চায়েতের পীরপাল গ্রামে এটাই দস্তুর। দেশ এগিয়ে চলেছে। কত রকমারি খাট ব্যবহার করেন দেশের মানুষ।কিন্তু পীরপালের মানুষ তা থেকে অনেক দূরে। যদি কারও খাটে শোবার ইচ্ছে হয়, তাহলে মাটির তৈরি খাট বানিয়ে নেন। নতুবা মাটিতেই ঘুমোন সকলে।

কেন? তার পিছনে রয়েছে এক ইতিহাস।স্থানীয় বাসিন্দাদের মুখে মুখে ফেরে তা। জনশ্রুতি অনুযায়ী, ১৭০৭ সালে পীরপালের মাটিতে ইখতিয়ারউদ্দিন মহম্মদ বিন বখতিয়ার খলজির দেহ নাকি সমাধিস্থ করা হয়। এরপর তিনি দেবতা বা পীর রুপে আবির্ভূত হন। এমনটাই বিশ্বাস গ্রামবাসীদের।বীর যোদ্ধা মাটিতে শায়িত অথচ গ্রামবাসী খাটে শোবেন? তা কী হতে পারে ? গ্রামবাসীদের বিশ্বাস, গ্রামবাসীরা খাটে বা চৌকিতে ঘুমোলে তাদের কাছে নাকি স্বপ্নাদেশে আসে। এমনকী, মেরে ফেলারও ভয় দেখানো হয়।আর সেই ভয়েই পীরপালের মানুষ চৌকি বা খাটে শোন না। গ্রামের আনাচে কানেচ এও শোনা যায়, যারা জনশ্রুতি অমান্য করে খাট ব্যবহার করেছিলেন, তাদের কেউ কেউ নাকি অসুস্থ হয়েও পড়েন।স্বাভাবিকভাবেই ভয় আরও চেপে বসে মনে। গ্রামবাসীরা জানালেন, এসব দেখে কে ঝুঁকি নেবেন বলুন। পরিবারের সকলে অসুস্থ হয়ে পড়লে দু'একদিনের শোওয়ার সুখ নিয়ে কী লাভ।

তবে ইতিহাসবিদরা অবশ্য বিষয়টিকে অন্যভাবে ব্যাখ্যা করছেন।ইতিহাসবিদদের মতে, স্বপ্নাদেশ বা ভীতি নয়। বখতিয়ার খলজি ছিলেন বীর।সেই বীরকে শ্রদ্ধা জানাতেই গ্রামবাসীরা মাটিতে শোন।কারণ, মাটিতেই যে সমাধিস্থ করা হয়েছিল সেই বীরকে।জেলার ইতিহাসবিদরা জানাচ্ছেন, ১৭০৭ সালে সুলতানি রাজ্য প্রতিষ্ঠা করতে বখতিয়ার খলজি পাল বংশের লক্ষন সেনকে পরাজিত করে সংগ্রামপুর, দেবীকোট সহ গোটা গৌড় দখল করে নেন। লক্ষন সেন প্রাণ নিয়ে পালিয়ে যান তৎকালীন বঙ্গে। এবং তার সৈন্যরা পরাজিত হয়ে নদিয়া শহর পর্যন্ত ত্যাগ করতে বাধ্য হন।অন্যদিকে, তিব্বত ও কামরূপ অভিযান বিফল হয়। সৈনবাহিনীও ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়। পরাজয়ের গ্লানি সহ্য করতে না পেরে বখতিয়ার খলজি অসুস্থ হয়ে পড়েন। আর তাঁকে ঘুরে দাঁড়াতে হয়নি। শয্যাশায়ী অবস্থায় তাঁর মৃত্যু হয় অল্প কিছুদিনের মধ্যে। বাংলার ১২০৬ বঙ্গাব্দে (ইংরেজি ১৭০৭ খ্রীষ্টাব্দে) তাঁর মৃত্যু হয়।বখতিয়ার খলজির মৃত্যুর পিছনে তার প্রধান সেনাপতির হাত ছিল বলেও অনেকে মনে করেন। বখতিয়ারের মৃত্যুর পর পীরপালে তাঁকে সমাধিস্থ করা হয়।যেহেতু তিনি বীরযোদ্ধা ছিলেন তাই তিনি পীর রুপে আবির্ভূত হন বলে গ্রামবাসীরা মনে করেন। তারপর থেকে এলাকার,বিশেষ করে বয়স্করা, চৌকি অথবা খাটে ঘুমোন না।যদিও এই জনশ্রুতি মানতে নারাজ জেলার ইতিহাসবিদ সুমিত ঘোষ।তাঁর যুক্তি, বখতিয়ার খলজি বীরযোদ্ধা ছিলেন। তাঁকে সম্মান জানাতেই পীরপালের মানুষ মাটিতে ঘুমোন।তবে এটাও ঠিক, এলাকার মানুষের মধ্যে কিছু কুসংস্কার রয়েছে।পীরপালের বয়স্ক ব্যক্তি রাজেন রায়, চন্দন রায় জানান, কয়েকশো বছর আগে থেকে এই গ্রামের মানুষ মাটিতে ঘুমোয়। স্বপ্নাদেশের ভয়েই চৌকি বা খাটে কেউ ঘুমোন না। কেউ আবার জোর করে খাট ব্যবহার করলে পরিবারের সকল সদস্য অসুস্থ হয়ে পড়ে। শ্রদ্ধাই হোক বা স্বপ্নাদেশের ভয়, ইতিহাসের বীর যোদ্ধাকে যে এখনও মনে রেখেছেন পীরপাল গ্রামের মানুষ, তার প্রমাণ কিন্তু মাটিতে শোওয়ার চল।

মেশিনের দ্বারা পায়খানা পরিস্কার করা হয়।



(২০০ ফুট পাইপ) (অনিলদা)
7076618570
9474462877
গুড়াপ, হুগলী




## এক নজরে

(চার পাতার পর)

চিররঞ্জন চক্রবর্তী।

● ধনেখালি ব্লক প্রশাসনের উদ্যোগে বহরমপুর ফুটবল মাঠে অনুষ্ঠিত হল খেলা হবে দিবস। উপস্থিত ছিলেন ধনেখালি পঞ্চায়েত সমিতির সভাপতি অর্পিতা বারিক, সহ সভাপতি সৌমেন ঘোষ, যুগ্ম ব্লক উন্নয়ন আধিকারিক সৌগত বিশ্বাস সহ অন্যান্য আধিকারিকবৃন্দ।

● 'এসপি'র গলাতে যেটা বাঁধা আছে সেটার একদিকটা কার হাতে আছে?আইপিসির হাতে,ইন্ডিয়ান পিনাল কোডের হাতে, সংবিধানের হাতে, গণতন্ত্রের হাতে,না কি নবান্নর চোদ্দ তলায় বসে থাকা চটি পিসির হাতে ?'বর্ধমানে কার্জন গেটে এসএফআই-ডিওয়াইএফআই - এর প্রতিবাদ সভায় বিস্ফোরক মন্তব্য করলেন ডিওয়াইএফআই রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখার্জি।

● চাঁদের মাটিতে ধ্বংস হল রাশিয়ার চন্দ্রযান। চাঁদের মাটিতে নিয়ন্ত্রণ হারিয়ে আছড়ে পড়ল রাশিয়ার ল্যান্ডার লুনা - ২৫ । অভিযানের অন্তিম পর্বে এসে ভেস্তে গেল সব।

● ইমাম-মোয়াজ্জেম-পুরোহিতদের ৫০০ টাকা করে ভাতা বৃদ্ধির কথা ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

● পুরসভায় নিয়োগ দুর্নীতি মামলায় দমকল মন্ত্রী সুজিত বসুকে তলব করল সিবিআই।৩১ আগষ্ট সকাল ১১ টায় নিজাম প্যালেসে হাজিরার নির্দেশ।

● মেয়াদ উত্তীর্ণ ঠান্ডা পানীয় বিক্রির অভিযোগে ধনেখালির একটি হোটেল বন্ধ করল পুলিশ। হোটেল থেকে বাজেয়াপ্ত একাধিক মেয়াদ উত্তীর্ণ ঠান্ডা পানীয়ের বোতল।

● ৯ বছরের প্রতীক্ষার অবসান। কলকাতা হাইকোর্টের নির্দেশ অনুসারে অবশেষে উচ্চ প্রাথমিকের মেধা তালিকা প্রকাশ করল স্কুল সার্ভিস কমিশন।

● ইডি'র প্রেস বিজ্ঞপ্তিতে অভিষেক বন্দোপাধ্যায়ের নাম !

● রাজ্যে চালু হল অ্যান্টি র‍্যাগিং হেল্পলাইন- ১৮০০৩৪৫৫৬৭৮

● এবার থেকে উচ্চমাধ্যমিকের হারিয়ে যাওয়া অ্যাডমিট, মার্কসিট, সার্টিফিকেটের জন্য আর কোথাও যেতে হবে না।অনলাইনে ঘরে বসেই করা যাবে আবেদন। অফলাইনে এই বিষয়ে আর কোনো আবেদন গ্রাহ্য হবে না, নোটিশ দিয়ে জানিয়ে দিল উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ।

● দুর্গাপুজো কমিটিগুলোকে এবার ৭০ হাজার টাকা করে দেওয়ার কথা ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

● আরামবাগ মহিলা থানার নতুন ওসি হলেন সুস্মিতা দাস।

● খানাকুল থানায় নতুন ওসি হলেন রাসেল পারভেজ খান।

● রোয়াঙ্ধ ধান জমির আলেঙ্ধ ছাগল ছেড়ে দিয়ে আসছেন এক শ্রেণির ছাগলঙ্ধ পালকরা।চাষীদের স্বার্থে পঞ্চায়েত থেকে মাইকিং করে সতর্ক করা হোক সেই সব ছাগল পালকদের,চাইছেন অনেকেই।

● স্বেচ্ছাসেবী সংস্থা 'সাহায্যের হাত' - এর উদ্যোগে জামালপুরের কনকপুর প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হল স্বেচ্ছায় রক্তদান শিবির।

● সোস্যাল মিডিয়ায় কিছু শেয়ার করার সময় সতর্ক থাকা উচিত, মন্তব্য সুপ্রিম কোর্টের।

● পকসো কেসের ঘটনায় এক ব্যক্তিকে যাবজ্জীবন কারাদন্ডের নির্দেশ নির্দেশ দিল চন্দননগর মহাকুমা আদালত।

● চন্দ্রযানের সাফল্য উদযাপন করতে চেয়ে ইসরোকে চিঠি লিখলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।ওই অনুষ্ঠানে বাঙালি সহ সমস্ত বৈজ্ঞানিকদের সংবর্ধনা দিতে চায় রাজ্য।

● রাজ্যজুড়ে ২৫ হাজারেরও বেশি ভুয়ো জাতিগত শংসাপত্র ইস্যুর অভিযোগ!জেনারেল ক্যাটাগরির মানুষও পেয়েছে এসটি শংসাপত্র, অভিযোগ। অভিযুক্তদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নিচ্ছে প্রশাসন।

## মেমারির জামিয়া ইসলামিয়া মাদ্রাসাতে

(প্রথম পাতার পর)

প্রতিষ্ঠান জামিয়া ইসলামিয়া মদিনাতুল উলূম মেমারি ক্যাম্পাসে বিপুল উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে উদযাপিত হল ৭৭তম স্বাধীনতা দিবস। সকাল ৭ টা ৪৫ মিনিটে মেমারি জামিয়ার বিভাগীয় প্রধান জনাব স্বার্থে সাম্প্রদায়িকতার উর্ধ্বে উঠে প্রতিটি ভারতীয় নাগরিককে এক হয়ে চলার শপথ নেওয়ার কথা বলেন।

সভায় সভাপতির আসন অলংকৃত করেন জামিয়ার প্রবীণ আলিম শাইখুল



মুফতী তালেবুল্লাহ কাসেমী সাহেবের হাতে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। তিনি তাঁর সুচারু বক্তব্যে ভারতের স্বাধীনতা আন্দোলনে মুসলিম বিপ্লবীদের দেশপ্রেম ও আত্মত্যাগের বর্ণময় ইতিহাস সংক্ষেপে তুলে ধরেন। সেই সঙ্গে তিনি জাতীয় হাদীস জনাব মাওলানা আমানাতুল্লাহ কাসেমী। এদিনের এই আবাসিক প্রতিষ্ঠানের ছাত্ররা দেশাত্মবোধক কবিতা পাঠ ,আবৃত্তি, কুইজ, বিষয়ভিত্তিক বক্তব্য প্রভৃতি পরিবেশন করে শ্রোতাদের মন জয় করেন। সভাপতির দোয়ার মাধ্যমে এদিনের সভার সমাপ্তি ঘটে।

Owner, Publisher & Printer- Israil Mallick , Published from- Vill- Mathurapur, P.O.- Shiptai, P.S. Jamalpur, Dist- Purba Bardhaman Pin- 712308, State-West Bengal
Printed at- Two Star Offset Press, 27 No. Laskardighi West (Near Rongtuli Goli), Burdwan, Pin- 713101
Editor- ISRAIL MALLICK, Mobile - 9434566498, E-mail -khaborsojasuji@gmail.com